

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর -৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আশ্বিন ১৪১৩/২৮ সেপ্টেম্বর ২০০৬

এস, আর, ও নং ২৩৫-আইন/২০০৬।—যেহেতু হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৩৫১/০৬-তে এই বিভাগের ২৫শে জুন, ২০০৬ তারিখের এস, আর, ও নং ১৫৭-আইন/২০০৬ প্রজ্ঞাপনের তফসিলে বর্ণিত পাঁচপাইকা ও বাহেরদিয়া মৌজার কার্যকারিতা ৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হইয়াছে; এবং

যেহেতু উক্তরূপ স্থগিত হওয়ার কারণে স্থানীয় সরকার বিভাগের ৭ই সেপ্টেম্বর, ২০০৬ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর ও নং ২১৪-আইন/২০০৬ সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু সরকার Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে শ্রদত্ত ক্ষমতাবলে, General Clauses Act, 1897 (Act No. X of 1897) এর section 21 এর সহিত পঠিতব্য, এস, আর, ও নং ২১৪-আইন/২০০৬ এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

এস, আর ও নং ২১৪-আইন ২০০৬ এর তফসিলের ক্রমিক নং ৮ ও ৯ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

২। ইহা ৭ই সেপ্টেম্বর, ২০০৬ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আজিজুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ হোসেন মোল্লা (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৭৫১)

মূল্য : টাকা ২.০০